ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৫৫৪

শান্তিরবাজার, ৪ জুলাই, ২০২৫

**আগামী ৯ জুলাই শান্তিরবাজার মহকুমায় বিশেষ মহড়া অনুষ্ঠিত হবে**

প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার এক বিশেষ মহড়া আগামী ৯ জুলাই সকাল সাড়ে ৭ টায় শান্তিরবাজার মহকুমার ৩টি স্থানে অনুষ্ঠিত হবে। রাজ্যভিত্তিক প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার বিশেষ মহড়ার অঙ্গ হিসাবে এই মহড়া অনুষ্ঠিত হবে। শান্তিরবাজার মহকুমায় এই মহড়া অনুষ্ঠিত হবে মুকুট অডিটোরিয়ামের জলাশয়ে, বকাফা ব্লকের অশ্বিনী কুমার পাড়া জেবি স্কুলে এবং জোলাইবাড়ি ব্লকের মুহুরীপুর জগন্নাথ দিঘিতে। বন্যা এবং ভূমি ধ্বসের উপর এই বিশেষ মহড়া অনুষ্ঠিত হবে। বিএসএফ, টিএসআর, আপদামিত্র, সিভিল ডিফেন্স, পুলিশ, ফায়ার সার্ভিস এবং বিভিন্ন সরকারি দপ্তরের কর্মচারীগণ এই মহড়ায় অংশ নেবেন। মহড়া সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে গত ২ জুলাই শান্তিরবাজার মহকুমা শাসকের কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক মনোজ কুমার সাহা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

******